# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 18 May, 2025

বিপ্লবের ইজারাদাররা, বিপ্লবকে জয় বাংলা করে দিয়েছে বলে মন্তব্য করেছেন গণঅধিকার পরিষদের উচ্চ পরিষদ সদস্য আবু হানিফ।

তিনি বলেছেন, আওয়ামী লীগের আর্থিক চ্যানেল নিজেরা ব্যবহার করে নিজেদের আখের গুছাচ্ছে।জনগণকে বোকা মনে করেন না, জনগণ সময়মতো খেলে দেবে।আপনারা ছোট ছোট হাসিনা হয়ে উইঠেন না, তাহলে পরিণতি ভয়াবহ হবে।

শনিবার রাত ১১টার দিকে একটি নিউজের ফটোপোস্ট শেয়ার করে ফেসবুকে নিজের আইডিতে দেওয়া এক স্ট্যাটাসে এসব কথা লেখেন আবু হানিফ।

তিনি বলেন, 'গণঅভ্যুত্থানের ৯ মাস পেরিয়ে গেছে।কেবল দেশ থেকে শেখ হাসিনা বিতাড়িত হয়েছে।আর কোনো পরিবর্তন হয় নাই।বরং আগে হাসিনা ছিল একজন, এখন ছোট ছোট হাসিনা হয়ে উঠতেছে।মনে রাখা উচিত এই বাঙালি জুতা এবং ফুলের মালা একসঙ্গে রাখে জাস্ট সময় বুঝে ব্যবহার করে।সুতরাং আপনারা ছোট ছোট হাসিনা হয়ে উইঠেন না, তাহলে পরিণতি আপনাদেরও ভয়াবহ হবে।

তিনি আরও বলেন, 'বিপ্লবের ইজারাদাররা, বিপ্লবকে জয় বাংলা করে দিয়েছে।আওয়ামী লীগের আর্থিক চ্যানেল নিজেরা ব্যবহার করে নিজেদের আখের গুছাচ্ছে।জনগণকে বোকা মনে করেন না, জনগণ সময়মতো খেলে দেবে।যারা পশ্চিমাদের ফান্ডে এনজিও চালাইতেন, তাদের কারও মেম্বার হওয়ার যোগ্যতা আছে কিনা সন্দেহ।এখন উপদেষ্টা হইয়া যদি মনে করেন যে আপনার বহুত কিছু হইয়া গেছেন, পশ্চিমাদের অ্যাজেন্ডা বাস্তবায়ন করবেন তাহলে ভুল করবেন।মনে রাখবেন রক্ত দিয়ে ৭১-এ পাকিস্তান থেকে মুক্তি পেয়েছি, ২৪ এ শুধু আওয়ামী লীগ থেকে নয় বরং ভারত থেকেও মুক্তি পেয়েছি পশ্চিমাদের দাস হওয়ার জন্য না।

এই বাংলাদেশে একমাত্র বাংলাদেশপন্থী ছাড়া আর কোনও পন্থীদের ঠাঁই হবে না বলেও উল্লেখ করেন তিনি।

তিনি আরও লেখেন, 'আবার দেখলাম, সারজিস আলমের ফেসবুক পোস্টে একজন কমেন্ট করেছে– আপনারা স্বৈরাচারী সরকারের দোসরদের সচিব বানানোর জন্য ডিও দেন, আর বড় বড় কথা বলেন ভাইয়া।

'মৎস্য ও পানিসম্পদ মন্ত্রণালয়ের নাজমুল হুদাকে চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে, এতো দেখি নব্য হাসিনার উৎপত্তি।হাসিনার আমলে ফেসবুকে সমালোচনা করলে ভাবমূর্তি চইলা যাইত, এখনও যদি তাই হয় তাহলে পার্থক্য কোথায়? আরেকটা বিষয় ভাবমূর্তি কি কচুপাতার পানি নাকি, টুপ করে পড়ে যায়?'

গণঅধিকার পরিষদ বিপ্লবের ইজারাদার আওয়ামী লীগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:55

URL: https://www.timestodaybd.com/public/politics/3551232621